

রাকসু নির্বাচনে প্রচারণার সময় বাড়ল ৯ দিন

রাবি প্রতিনিধি

০৮ অক্টোবর ২০২৫, ১০:৪২ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রচারণার সময়সীমা আরও ৯ দিন বাড়ানো হয়েছে।

আজ শনিবার প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. এফ নজরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, গত ২২ সেপ্টেম্বর অনুষ্ঠিত রাকসু নির্বাচন কমিশনের জরুরি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন ১৬ অক্টোবরের নির্বাচনকে সামনে রেখে আগামী ৫ অক্টোবর সকাল ৮টা থেকে ১৪ অক্টোবর রাত ১২টা পর্যন্ত প্রচারণার সময় বাড়ানো হয়েছে।

এ সময়ে পূর্বের মতো আচরণবিধি যথাযথভাবে মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন।